ছাত্রদল সভাপতিকে অতীত থেকে শিক্ষা নিয়ে রাজনীতি করার পরামর্শঃ শিবির সভাপতির



ব্যানার হাতে ইসলামী ছাত্র শিবির

ছাত্রশিবিরের রাজনীতি নিয়ে ছাত্রদল সভাপতির "গ্রাউন্ডহীন বক্তব্যের" প্রতিক্রিয়া জানানোকে "বোকামি" আখ্যা দিয়ে শিবির সভাপতি বলেছেন, "তাদের বক্তব্যে বাস্তবসম্মত কোন গ্রাউন্ড নেই। সেটির প্রতিক্রিয়া জানানো বোকামি। বিগত দিনের সরকার জামায়াতে ইসলামী এবং শিবিরকে নিষিদ্ধের ৫ দিনের ব্যবধানে দেশ ছেড়ে পালিয়েছে। তারপরও দুর্ভাগ্য- আমরা অতীত থেকে শিক্ষা না নিয়ে রাজনীতি করি। আশা করবো- ছাত্রদল সভাপতি অতীত থেকে শিক্ষা নিবেন। শিক্ষা নিয়ে রাজনীতি করলে সংগঠনের জন্য কল্যাণকর হবে।"

গত বৃহস্পতিবার (১২ জুন) সন্ধ্যায় কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ ডিগ্রী শাখায় "মাসব্যাপী বৃক্ষরোপন অভিযান-২৫" উপলক্ষে কুমিল্লা মহানগর ছাত্র শিবির আয়োজিত অনুষ্ঠানে গণমাধ্যম কর্মীদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন শিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম।

এসময় তিনি আরো বলেন, "বাম সংগঠনের নেতাদের রাজনীতি হচ্ছে অন্য দলের বিরুদ্ধে প্রোপাগান্ডা ছড়িয়ে রাজনীতি করা। যাদের আদর্শিক কোন বয়ান বা এজেন্ডা থাকে না তারাই প্রোপাগান্ডা ছড়ানোর রাজনীতি করে। অতীত থেকে শিক্ষা নিয়ে ৫ আগস্ট পরবর্তী রাজনীতির নতুন ধারা ও শিক্ষার্থীদের সাইকোলজি বুঝে সুস্থ ধারার রাজনীতিতে ফিরে আসবেন ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব।

LENS ASIA

এসময় ছাত্রশিবির কুমিল্লা মহানগর শাখার সভাপতি হাছান আহমেদের সভাপতিত্বে কেন্দ্রীয় প্রচার সম্পাদক আজিজুর রহমান আজাদ, পরিবেশ ও সমাজসেবা সম্পাদক হাফেজ রেজওয়ানুল হক ও কুমিল্লা মহানগর সেক্রেটারি নাজমুল হাসান উপস্থিত ছিলেন।